ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২য় পরিষদের ৬ষ্ঠ কর্পোরেশন সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি : | জনাব মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ : | ২৭ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ ।। ১০ জুন ২০২১ |
| সময় : | সকাল ১১.০০ টা |
| স্থান : | ১০নং ওয়ার্ড কমিউনিটি সেন্টার,মিরপুর-১, ঢাকা। |

সভায় উপস্থিতির তালিকা **পরিশিষ্ট "ক"**

পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন ৪১ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব আব্দুল মতিন।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্য শুরু করেন। অত:পর তিনি,করোনার আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী কর্মকর্তা/কর্মচারীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন।তিনি বলেন, করোনা মহামারীর মধ্য দিয়েই বর্তমান পরিষদের ১ বছর মেয়াদকাল অতিক্রান্ত হলো। তিনি আরো বলেন, ড্রেন ও খাল পরিষ্কার, মশক নিধন ইত্যাদি সেবামূলক কার্যক্রম করোনা মহামারীর মধ্যেও অব্যাহত রয়েছে।ডিএনসিসি'র কোন কোন জায়গায় রাস্তা, খাল, ফুটপাত দখল হয়েছে এবং দূষণ হচ্ছে তাঁর তথ্য আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও কাউন্সিলরগণকে সমন্বিতভাবে আগামী কর্পোরেশন সভার পূর্বে দাখিল করার জন্য সভাপতি আহ্বান জানান।সভাপতি বলেন, ডিএনসিসি'তে অবৈধ দখলের বিরুদ্ধে উচ্ছেদ কার্যক্রম অব্যাহত থাকবে। এ প্রসংগে তিনি জানান, ডিএনসিসি'র আওতাধীন মাননীয় সংসদ সদস্যগণও উচ্ছেদ কার্যক্রমে সহায়তা করার প্রতিশ্রুতি দিয়েছেন। তিনি সভাকে অবহিত করে বলেন, ইতোমধ্যে বিভিন্ন ওয়ার্ডে বড় বড় অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। মাটিকাটা-ভাষাণটেক রাস্তা প্রশস্ত করা হয়েছে। জনগণকে সাথে নিয়ে সকল অবৈধ স্থাপনা উচ্ছেদ করার জন্য তিনি সকল সম্মানিত কাউন্সিলরদের প্রতি আহ্বান জানান। বিগত ৪৯ বছর ধরে অবৈধ দখলে থাকা পল্লবী রাস্তাপ্রশস্ত করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। সভাপতি বলেন, দখল ও দূষণ থেকে পরিত্রাণের জন্য কাউন্সিলরদের এগিয়ে আসতে হবে। ফুটপাত উচ্ছেদ করে হলিডে মার্কেট চালু করার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করার জন্য তিনি সকল কাউন্সিলরদের প্রতি আহ্বান জানান। হলিডে মার্কেটে ব্যবসায়ীদের কোন প্রকার চাঁদা প্রদান করতে হবে না। সরকারি বরাদ্দের দিকে নির্ভরতা কমিয়ে আনার লক্ষ্যে তিনি রাজস্ব আদায়ে স্বনির্ভরতা বাড়ানোর তাগিদ প্রদান করেন।

সভাপতি রাজধানীর সাততলা বস্তিতে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদের প্রতি সমবেদনা জানান। এ ছাড়াও তিনি বলেন, ডেঙ্গু রোগের বাহক এডিস মশার লার্ভা যেখানে পাওয়া যাবে সেখানে মামলা করা হবে। সম্মানিত কাউন্সিলরদের উদ্দেশ্যে তিনি বলেন, ডিএনসিসি'র 'সবার ঢাকা' এ্যাপস ইতোমধ্যে সর্বমহলে প্রশংসিত হয়েছে। সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারিগণকে "সবার ঢাকা" এ্যাপস ডাউনলোড করে জনসাধারণের মাঝে এর প্রচারণা বৃদ্ধি করার অনুরোধ জানান। সভাপতি বলেন, মহাখালী বাস টার্মিনালস্থডিএনসিসি মার্কেটটি ডিএনসিসি ডেডিকেটেড কোভিড হাসপাতালে রূপান্তর করা হয়েছে। এটি বাংলাদেশের সর্ববৃহৎ করোনা হাসপাতাল উল্লেখ করে তিনি বলেন, হাসপাতালটি সর্বমহলে প্রশংসিত হয়েছে। প্রসংগত তিনি বলেন, বাজেট প্রণয়ন এ মুহূর্তে সবচেয়ে বড় চ্যালেঞ্জ। রাজস্ব আয় না বাড়াতে পারলে আমাদের উন্নয়ন ব্যাহত হবে মর্মে সভাপতি আশংকা প্রকাশ করেন। রাজস্ব আয় বাড়াতে সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তাদেরকে সমন্বিতভাবে কাজ করার অনুরোধ জানান।

প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ সেলিম রেজা তাঁর বক্তব্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিগত এক বছরের গুরুত্বপূর্ণ কার্যক্রমের বিবরণী সভায় তুলে ধরে বলেন, ডিএনসিসি বর্তমান মেয়র মহোদয়ের নেতৃত্বে এক অনন্য উচ্চতায় উপনীত হয়েছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের এই কৃতিত্বপূর্ণ কাজে ধারাবাহিকতা সমুন্নত রাখার জন্য সম্মানিত কাউন্সিলর ও সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান। প্রধান নির্বাহী কর্মকর্তা নবাগত সচিব জনাব মোহাম্মদ মাসুদ আলম সিদ্দিক'কে সভায় পরিচয় করিয়ে দেন। নবাগত সচিব জনাব মোহাম্মদ মাসুদ আলম সিদ্দিক তাঁর শুভেচ্ছা বক্তব্যে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তাগণকে ধন্যবাদ জানান এবং তাঁকে সানন্দে বরণ করার জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

বিদায়ী সচিব জনাব রবীন্দ্রশ্রী বড়ুয়া তাঁর বিদায়ী বক্তব্যে তাঁরকর্মকালে সহযোগিতা প্রদান করার জন্য উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তা/কর্মচারিগণকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান এবং নবাগত সচিবকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার আহ্বান জানান।

অতপরঃ নিম্নরূপ এজেন্ডা ভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয়।

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১ | : | **বিগত কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ।** |
| আলোচনা | : | বিগত ০২ মার্চ২০২১তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ৫ম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। কোন সংশোধনী না থাকায়বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণের বিষয়ে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত | : | ২য় পরিষদের ৫মকর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-২ | : | **২য় পরিষদের ৫ম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।** |
| আলোচনা | : | বিগত ০২ মার্চ ২০২১তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ৫মকর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করা হয় এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাকে আহ্বান জানানো হয়। |
| সিদ্ধান্ত | : | বিগত ০২ মার্চ ২০২১ তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ৫মকর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | বিভাগীয় প্রধান (সকল)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৩ | : | **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির জন্য কর্পোরেশনের নিজস্ব জমিতে বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণের লক্ষ্যে 'মিউনিসিপ্যাল বন্ড' বা 'সিটি বন্ড' ইস্যু করে অর্থ সংগ্রহ প্রসংগে।** |
| আলোচনা | : | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে জানান, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন রাজস্ব আয় বৃদ্ধির জন্য কর্পোরেশনের নিজস্ব জমিতে বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণের লক্ষ্যে 'মিউনিসিপ্যাল বন্ড' বা 'সিটি বন্ড' ইস্যু করে অর্থ সংগ্রহ করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এতে করে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধি পাবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। |
| সিদ্ধান্ত | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির জন্য কর্পোরেশনের নিজস্ব জমিতে বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণের লক্ষ্যে 'মিউনিসিপ্যাল বন্ড' বা 'সিটি বন্ড' ইস্যু করে অর্থ সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান হিসাবরক্ষণ কর্মকতা |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৪ | : | **পার্ক পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশিকায় নতুন শর্ত অন্তর্ভুক্তকরণ।** |

| | | |
|---|---|---|
| আলোচনা | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা সভাকে জানান, ২য় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় ডিএনসিসি'র মালিকানাধীন পার্ক পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশিকা Terms of Reference (TOR) চূড়ান্তকরণের লক্ষ্যে শর্তাবলী অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে উক্ত নির্দেশিকায় নিম্নবর্ণিত ০৪টি শর্ত সংযুক্তকরণের বিষয়টি মাননীয় মেয়র কর্তৃক অনুমোদিত হয়েছে।<br>(ক) পার্কের অভ্যন্তরস্থ পুকুরে বাণিজ্যিক ভাবে কোন প্রকার মাছ চাষ/হাঁস পালন করা যাবেনা।<br>(খ) অর্থ আদায়ের বিনিময়ে কোন প্রকার নৌকা/যান্ত্রিক বোট চালানো যাবেনা।<br>(গ) সাঁতাঁর কাটার জন্য কোন অর্থ আদায় করা যাবেনা।<br>(ঘ) কোন প্রকার জলজ উদ্ভিদ এর চাষ করা যাবেনা। |
| সিদ্ধান্ত | : | ডিএনসিসি'র মালিকানাধীন পার্ক পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশিকায় নিম্নবর্ণিত শর্তাবলী সংযুক্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(ক) পার্কের অভ্যন্তরস্থ পুকুরে বাণিজ্যিক ভাবে কোন প্রকার মাছ চাষ/হাঁস পালন করা যাবেনা।<br>(খ) অর্থ আদায়ের বিনিময়ে কোন প্রকার নৌকা/যান্ত্রিক বোট চালানো যাবেনা।<br>(গ) সাঁতাঁর কাটার জন্য কোন অর্থ আদায় করা যাবেনা।<br>(ঘ) কোন প্রকার জলজ উদ্ভিদ এর চাষ করা যাবেনা। |
| বাস্তবায়ন | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচি-৫ : ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মালিকানাধীন ০.১২১১ একর ভূমি ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পের জন্য ব্যবহার/হস্তান্তরের সমঝোতা স্মারক সম্পাদনের অনুমোদন।**

আলোচনা : প্রধান সম্পত্তি কর্মকর্তা জানান, আব্দুল্লাহপুর মৌজাস্থিত ০.১২১১ একর ভূমি ব্যবহার/হস্তান্তরের জন্য MOU সম্পাদনের লক্ষ্যে ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেতু ভবন, ঢাকা কর্তৃক পত্র প্রেরণ করা হয়েছে।

প্রার্থীত ভূমির তফসিল নিম্নরূপঃ

| ক্রম | সিটি জরিপ মৌজা / জে.এল নং | সিট নং | সিটি জরিপ দাগ নং | সিটি জরিপ খতিয়ান নং | দাগে জমির পরিমাণ (একর) | আবেদিত ভূমিরপরিমাণ (একর) | জমির শ্রেণী | রেকর্ডিয় মালিক |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | আব্দুল্লাহপুর ১৩ | ১১ | ৩৩০৮ | ০৯ | ০.৭১২০ একর | ০.১২১১ একর | রাস্তা | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |

বর্ণিত ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পটি রাস্তার উপর দিয়ে নির্মাণ করা হবে এবং এলিভেটেড এক্সপ্রেসওয়ের নীচ দিয়ে যানবাহন চলাচলে কোন বিঘ্ন সৃষ্টি হবে না। বর্ণিত জমিতে এলিভেটেড এক্সপ্রেসওয়ের কোন পিলারও স্থাপন করা হবে না। ইতোপূর্বে ''ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ'' শীর্ষক প্রকল্পের কাজে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মালিকানাধীন ভূমি ব্যবহার/হস্তান্তরের জন্য প্রস্তুতকৃত খসড়া সমঝোতা স্মারক (MOU)Vetting এর জন্য আইন বিভাগে প্রেরণ করা হয়েছিল। আইন বিভাগ হতে ভেটিংসহ সম্পত্তি বিভাগে প্রেরণ করা হয়েছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মালিকানাধীন আব্দুল্লাহপুর মৌজার ০.৭১২০ (শূণ্য দশমিক সাত এক দুই শূণ্য) একর ভূমি হতে ০.১২১১ (শূণ্য দশমিক এক দুই এক এক) একর ভূমি (রাস্তা) ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পের জন্য সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়টি কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করা হলে মেয়র মহোদয় কর্তৃক ২৫/০৪/২০২১ খ্রিঃ তারিখে অনুমোদিত হয়। বিষয়টি জনগুরুত্বপূর্ণ ও জরুরি বিবেচনায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মালিকানাধীন আব্দুল্লাহপুর মৌজার ০.৭১২০ (শূণ্য

| | | |
|---|---|---|
| | | দশমিক সাত এক দুই শূণ্য) একর ভূমি হতে ০.১২১১ (শূণ্য দশমিক এক দুই এক এক) একর ভূমি ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পে ওভারপাস (Overpass) করার জন্য ভেটিংকৃত সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়েছে। উক্ত সমঝোতা স্মারক ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো। |
| সিদ্ধান্ত | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মালিকানাধীন ০.১২১১ একর ভূমি ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পের জন্য ব্যবহার/হস্তান্তরের সমঝোতা স্মারক সম্পাদন ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| আলোচ্যসূচি-৬ | : | **ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে ইমারত/জমি/স্থাপনার বাৎসরিক কর পুনঃমূল্যায়ন (Re-Assesment) শুরু করার অনুমোদন।** |
|---|---|---|
| আলোচনা | : | প্রধান রাজস্ব কর্মকর্তা সভাকে জানান, গত ১৭ মে ২০২১ তারিখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে ইমারত/জমি/স্থাপনার বাৎসরিক কর পুনঃমূল্যায়ন (Re-Assesment) করার জন্য স্থানীয় সরকার বিভাগ হতে অনুমোদন পাওয়া যায়। সে প্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে ইমারত/জমি/স্থাপনার বাৎসরিক কর পুনঃমূল্যায়ন (Re-Assesment) করার বিষয়ে গত ১৯/০৫/২০২১ তারিখে মাননীয় মেয়র এর সভাপতিত্বে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। The Municipal Corporation (Taxation) Rules-1986 অনুসরণে সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে ইমারত/জমি/স্থাপনার ভাড়ার হার (Rate Chart) সংশোধনের নিমিত্ত অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(ক) ২০/০৫/২০১৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১৩তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত অনুযায়ী ১২% হারে পৌরকর আদায়।<br>(খ) ২০০৮ সালে নির্ধারিত ভাড়ার হার অনুমোদন।<br>(গ) সদ্য অবসরপ্রাপ্ত অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা/কর্মচারীগণের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে পুনঃমূল্যায়ন কাজ জোরদার করা যেতে পারে। |
| সিদ্ধান্ত | : | সভায় সর্বসম্মত নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(ক) ২০/০৫/২০১৬ তারিখে অনুষ্ঠিত ১৩তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত অনুযায়ী ১২% হারে পৌরকর আদায়।<br>(খ) ২০০৮ সালে নির্ধারিত ভাড়ার হার অনুমোদন।<br>(গ) সদ্য অবসরপ্রাপ্ত অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা/কর্মচারীগণের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে পুনঃমূল্যায়ন কাজ জোরদার করা যেতে পারে। |
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |

| **আলোচ্যসূচি-৭** | : | **বিবিধ** |
|---|---|---|
| **আলোচনা** | | বিবিধ আলোচনায় অংশগ্রহণ করে জনাব মোঃ হুমায়ুন রশিদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড ১৪ বলেন, তাঁর ওয়ার্ডের রাস্তাসমূহ প্রশস্ত করা হলে জনসাধারণের চলাচলে সুবিধা হবে। তাছাড়া ওয়ার্ড ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br><br>জনাব সালেক মোল্লা, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৫ বলেন, ফুটপাত ও রাস্তা উচ্ছেদের পর দখলমুক্ত রাখার জন্য থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাদের বিশেষভাবে তদারকি করার জন্য অনুরোধ করা যেতে পারে। তিনি বলেন, খাল খনন কার্যক্রম বন্ধ রয়েছে, জরুরি ভিত্তিতে চালু করা দরকার। এছাড়াও তাঁর ওয়ার্ডে পশুর হাট বসানোর অনুরোধ জানান।<br><br>জনাব কাজী জহিরুল ইসলাম মানিক, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৩ বলেন, তাঁর ওয়ার্ডের এ ব্লকের উন্নয়নমূলক কাজ ২০১৬ থেকে বন্ধ। মামলা নিয়ে হাউজিং সোসাইটি এবং |

| | |
|---|---|
| | ডিএনসিসির সভা করা দরকার। এভিনিউ-৫, সেকশন-১১ এ অবস্থিত ইমামবাড়ার কারণে উন্নয়ন কাজ বর্তমানে বন্ধ রয়েছে। উচ্ছেদ কার্যক্রম পরিচালনা জরুরি উল্লেখ করে তিনি উচ্ছেদ কার্যক্রমে নেতৃত্ব দিবেন মর্মে সভাকে জানান। তিনি আরো বলেন, প্যারিস খাল ময়লা জমে ভরাট হয়ে আছে। যার কারণে জলাবদ্ধতাঁর সৃষ্টি হচ্ছে। দ্রুত প্যারিস খালের ময়লা পরিষ্কার করার অনুরোধ জানান। এছাড়াও উন্নয়নমূলক কাজ শেষে কাউন্সিলরগণ কর্তৃক প্রত্যয়ন প্রদানের সুযোগ দেয়া হলে কাউন্সিলরদের জবাবদিহিতা বৃদ্ধি পাবে মর্মে তিনি উল্লেখ করেন।<br><br>জনাব রাজিয়া সুলতানা ইতি, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন ৫ বলেন, তাঁর ওয়ার্ডের হাউজিং এর রাস্তায় পানি জমে। করোনাকালীন সময়ে দরিদ্রদের খাদ্য সহায়তা প্রদানের জন্য মাননীয় মেয়রকে তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন।<br><br>জনাব মোঃ ইসহাক মিয়া, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৭ জলাবদ্ধতা নিরসনে কর্পোরেশন কর্তৃক দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। যমুনা হাউজিং এলাকায় কচুরিপানা পরিষ্কারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি বলেন, বোয়ালিয়া খাল বালির কারণে ভরাট হচ্ছে। এ খালটি পুনঃখনন করা দরকার। এছাড়াও কুড়িল ফ্লাইওভারের জলাবদ্ধতা নিরসণে ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানান।<br><br>জনাব মোঃ জামাল মোস্তফা, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৪ বলেন, রাজস্ব বিভাগে জনবল অপ্রতুল। রাজস্ব আদায়ের বৃহৎ স্বার্থে দ্রুত জনবল বাড়ানো দরকার। অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের পরামর্শক হিসেবে নিয়োগ দিলে কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধি পাবে। এছাড়াও তিনি খালের সীমানা চিহ্নিত করে খালগুলোকে খনন করে দু'পাড়ে ওয়াকওয়ে নির্মাণ করার অনুরোধ জানান।<br><br>জনাব মোঃ ফরিদ আহমেদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৫২ আলোচনায় অংশগ্রহণ করে বলেন, তাঁর এলাকা খুবই নিচু, তাই অল্প বৃষ্টির পানিতে ডুবে যায়। জলাবদ্ধতা নিরসনে দ্রুত পদক্ষেপ গ্রহণ নেয়া দরকার। নতুন ওয়ার্ডগুলোতে জনবল প্রদানের জন্য অনুরোধ জানান।<br><br>জনাব আসিফ আহমেদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৩ তাঁর ওয়ার্ডে ফগার মেশিন বাড়ানোর অনুরোধ জানান।<br><br>জনাব মোঃ তাইজুল ইসলাম চৌধুরী বাপ্পি, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং ৬ বলেন, ইস্টার্ণ হাউজিং এর ভেতরে খেলার মাঠ, পার্ক, কবরস্থান নেই। ইস্টার্ণ হাউজিং খাস জমি দখল করতে চায়। হাউজিংগুলো ও রাজউককে সাথে নিয়ে ডিএনসিসি'র সভা করা দরকার মর্মে তিনি উল্লেখ করেন।<br><br>জনাব মোঃ শফিকুল ইসলাম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৩১ আলোচনায় অংশগ্রহণ করে বলেন, গরুর ফার্ম এর আবর্জনা খালে ফেলছে, নদীতে ফেলছে। খামার মালিকদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেয়া যেতে পারে মর্মে তিনি উল্লেখ করেন।<br><br>জনাব মোঃ নাসির উদ্দীন, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৫৩ বলেন, অতি বৃষ্টিতে তাঁর ওয়ার্ডের বেশিরভাগ এলাকা ডুবে যাওয়ায় ওয়ার্ডের রাস্তাগুলো চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। বৃষ্টির পানি অপসারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।<br><br>সভায় সম্মানিত কাউন্সিলরগণ তাঁদের নিজ নিজ এলাকায় চলতি বর্ষা মৌসুমে জলাবদ্ধতা নিরসনে তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণের জন্য প্রত্যেক কাউন্সিলর এর অনুকূলে একটি থোক বরাদ্দ |

| | | |
|---|---|---|
| | | প্রদানের জন্য দাবী উপস্থাপন করেন। সম্মানিত কাউন্সিলরগণ সভায় জানান, জলাবদ্ধতা নিরসন সিটি কর্পোরেশনের জন্য একটি অন্যতম প্রধান চ্যালেঞ্জ। জলাবদ্ধতা নিরসনে জনগণ সিটি কর্পোরেশনের কাছ থেকে তাৎক্ষনিক পদক্ষেপ কামনা করে। জলাবদ্ধতা নিরসনে তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করতে ব্যর্থ হলে নগরবাসী সিটি কর্পোরেশনের প্রতি মারাত্মক ক্ষোভ প্রকাশ করে। এছাড়াও নগরবাসীর দুর্ভোগ অনেকাংশে বেড়ে যায়।<br><br>কাউন্সিলরগণ যুক্তি উপস্থাপন করে জানান, প্রত্যেক ওয়ার্ডে জলাবদ্ধতা নিরসন ও অন্যান্য জরুরি নাগরিক সেবা প্রদানের জন্য একটি থোক বরাদ্দ থাকলে জরুরি ভিত্তিতে জলাবদ্ধতা নিরসণসহ অন্যান্য নাগরিক সেবা নিশ্চিত করা সম্ভব হবে। |

**বিবিধ** : বিবিধ আলোচনায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত বিবিধ সিদ্ধান্ত গৃহীত হয়

সিদ্ধান্ত :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | অবৈধভাবে দখলকৃত রাস্তা, খাল, ফুটপাত এর বিষয়ে সমন্বিত তথ্য দাখিল। | সম্মানিত কাউন্সিলর (সকল)<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ২. | আঞ্চলিক কার্যালয়ের জন্য দ্রুত বাড়ি ভাড়া করতে হবে। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল ৬-১০, ডিএনসিসি |
| ৩. | প্রত্যেক ওয়ার্ডে জলাবদ্ধতা নিরসন, জরুরি রাস্তা মেরামত, পানি নিষ্কাশন ইত্যাদি জরুরি কাজে ব্যবহারের জন্য ১০ (দশ) লক্ষ টাকা হারে থোক বরাদ্দ প্রদান করা হবে। তবে বরাদ্দকৃত অর্থ সরকারি আর্থিক বিধি-বিধান ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস অনুসরণ করে ব্যয় নিশ্চিত করতে হবে। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৪. | ওয়ার্ড ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | প্রধান প্রকৌশলী<br>প্রধান নগর পরিকল্পনাবিদ |
| ৫. | ফুটপাত ও রাস্তা উচ্ছেদের পর দখলমুক্ত রাখার জন্য আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সহায়তা চেয়ে স্ব স্ব অঞ্চল থেকে সংশ্লিষ্ট থানায় পত্র প্রেরণ করা হবে। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ৬. | প্রত্যেক ওয়ার্ডের পেন্ডিং উচ্ছেদ কার্যক্রম জরুরি ভিত্তিতে সম্পন্ন করা হবে। উচ্ছেদ কার্যক্রমে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগণ সক্রিয় সহযোগিতা প্রদান করবেন। | প্রধান সম্পত্তি কর্মকর্তা |
| ৭. | প্যারিস খালের ময়লা দ্রুত পরিষ্কার করা হবে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৮. | যমুনা হাউজিং এলাকায় কচুরিপানা পরিষ্কারের উদ্যোগ নেয়া হবে।<br>বোয়ালিয়া খাল বালির কারণে ভরাট হচ্ছে। এ খালটি পুনঃখনন করার ব্যবস্থা নেয়া হবে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৯. | কুড়িল ফ্লাইওভারের জলাবদ্ধতা নিরসনে রাজউক এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে আলোচনা করে ব্যবস্থা নিতে হবে। | প্রধান প্রকৌশলী |
| ১০. | খালের সীমানা চিহ্নিত করত: খালগুলোকে খনন করে দু'পাড়ে ওয়াকওয়ে নির্মাণ করার ব্যবস্থা নিতে হবে। | প্রধান প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১১. | রাজস্ব বিভাগের সদ্য অবসরপ্রাপ্ত অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা/কর্মচারীগণের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে পুনঃমূল্যায়ন কাজ জোরদার করা যেতে পারে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| | | ১২. | ৩৩ নং ওয়ার্ডে ফগার মেশিন বাড়ানোর বিষয়টি বিবেচনা করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |
| | | ১৩. | ৬ নং ওয়ার্ডের ইস্টার্ন হাউজিং এলাকার সমস্যা সমাধানে ইস্টার্ন হাউজিং ও রাজউককে সাথে নিয়ে ডিএনসিসিতে সভা করা হবে। | সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর<br>প্রধান প্রকৌশলী<br>প্রধান সম্পত্তি কর্মকর্তা<br>প্রধান নগর পরিকল্পনাবিদ |
| | | ১৪. | ৫নং জোনের বিভিন্ন এলাকায় গবাদি পশুর খামারের গোবর ও অন্যান্য আবর্জনা খালে ও নদীতে সরাসরি ফেলছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। এ ধরণের অপরাধীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। | প্রধান সম্পত্তি কর্মকর্তা<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫ |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**মোঃ আতিকুল ইসলাম**
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি, কর্পোরেশন সভা

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৩.২০- ২২৫ তারিখ: ০৭ আষাঢ় ১৪২৮ / ২১ জুন ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ........../সংরক্ষিত আসন নং ............, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. বিভাগীয় প্রধান (সকল), ............................ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. ................................................., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

(৪–৬:) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সচিব দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৭. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. প্রকল্প পরিচালক, ............................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. নির্বাহী প্রকৌশলী, ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. কর কর্মকর্তা, ................................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. সহকারী স্বাস্থ্য কর্মকর্তা ................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৪. সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, .................................. (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৬. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৭. অফিস কপি।

২৩/৬/২১

সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।